রিসার্চ ইনশিয়িটেভিস, বাংলাদেশ (রিইব) একটি অলাভজনক বেসরকারি প্রতিষ্ঠান যা ২০০৩ সালে দারিদ্র বিমোচন গবেষণা কর্মকাণ্ডকে সহযোগিতা করার লক্ষ্যে কাজ শুরু করে। রিইব-এর মূল লক্ষ্য হচ্ছে প্রান্তিক জনগোষ্ঠীর প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করে দারিদ্র বিমোচনের জন্য প্রয়োজনীয়, সঙ্গতিপূর্ণ, উদ্ভাবনমূলক ও প্রায়োগিক জ্ঞানের প্রসার ঘটানো।

গত আগস্ট ২০১১ থেকে রিইব UNHCR-এর বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নয়াপারা ও কুতুপালং মায়ানমার থেকে আগত রিফিউজিদের যা ক্যাম্পের চলমান কার্যক্রম পদ্ধতির মধ্যে মূলতঃ গণগবেষণা বা Participatory Action Research এবং প্রাক-স্কুল কার্যক্রম সেন্টার পরিচালিত করছে। এই ক্যাম্পসমূহে রিইব বিভিন্ন প্রকার মডেল এবং পদ্ধতি ব্যবহার করছে যা বাংলাদেশের বিভিন্ন জায়গায় রিইব ইতিমধ্যে ব্যাবহার করেছে।

রিইব অংশগ্রহণমূলক পদ্ধতি গবেষণা (মানুষের নিম্ন চাহিদা, ও কৌশল ভিত্তিক জ্ঞান তৈরি করা) এবং উন্নয়ন ফলাফল (যেমন, জনগণকে স্ব-ব্যাবস্থাপনার দক্ষতা অথবা মৌলিক অধিকার বিষয়ক এডভোকেসির মাধ্যমে সক্ষম করে তোলা) দুটোকে সম্পৃক্ত করে। কক্সবাজার জেলার দুটি রিফিউজি ক্যাম্পে রিইব -এর এই গবেষণা এবং বাস্তবায়ন পদ্ধতি উভয়ই এমনভাবে যুক্ত করা হবে যা একে অপরকে শক্তিশালী করবে। রিইব-এর বিশেজ্ঞগণ গণগবেশণা পরিচালনা করে যার মাধ্যমে সমাজের জনগণ একত্রিত হয়ে তাদের সমাজের সমস্যা এবং ঘাটতিসমূহ সম্পর্কে নিজেরাই সিদ্ধান্তে উপনীত হতে পারে এবং এর মাধ্যমে রিইব তাদেরকে সহায়তা প্রদান করে যাতে তারা নিজেদের মধ্যকার দ্বন্দ্ব নিজেরাই সমাধান করতে পারে এবং প্রয়োজনীয় চাহিদা মেটাতে পারে। সক্ষমতা অর্জন এবং সমস্যা নির্ধারণে জনগোষ্ঠীর সৃজনশীলতা গুরুত্ব পায় ও জনগণ এবং বিদ্যমান প্রতিষ্ঠানসমূহের মধ্যে সংযোগ শক্তিশালী করতে সাহায্য করে।